শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪২.১৮-৪৪৪

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৫ / ১৪ নভেম্বর ২০১৮

বিষয়ঃ ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন খাগাটি জামতলী ফাযিল মাদ্রাসার প্রভাষক (আরবি) জনাব মো: জুলহাস উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৩৫০/২০১৮ মামলায় (রিট পিটিশন নং-৮০৫২/২০১৬ হতে উদ্ভুত) প্রদত্ত নির্দেশনা মোতাবেক পিটিশনারকে মার্চ/২০১৫ হতে জুন/২০১৭ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও সুবিধা প্রদানপূর্বক এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) এ বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৮.১৭-১৭৭, তারিখ: ১১/৯/২০১৮ খ্রি:
(২) খাগাটি জামতলী ফাজিল (স্নাতক) মাদ্রাসার স্মারক নং- খা.জা.ফা.মা.-১১৭, তারিখ: ০৭/১০/২১৮খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং-৮০৫২/২০১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৯/৩/২০১৭ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা মোতাবেক সূত্র (১) মূলের মাধ্যমে প্রভাষক (আরবি) জনাব মো: জুলহাস উদ্দিন এর অনুকূলে মার্চ/২০১৫ হতে জুন/২০১৭ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও সুবিধা প্রদানক্রমে ১০.১০.২০১৮ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছিল।

২। উক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়ন না করে সূত্র (২) মূলে প্রেরিত পত্রে (অধ্যক্ষ কর্তৃক প্রেরিত পত্রে) নিম্নরূপ মন্তব্য করা হয়েছে-
"মহামান্য হাইকোর্টের নির্দেশনা সকল কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য। মাদ্রাসা কর্তৃপক্ষ তার বেতন ভাতা উত্তোলন করে মাদ্রসার কোন ফান্ডে জমা রাখেন নাই। উক্ত টাকা সরকারের কোষাগারে জমা আছে। আদালতের সুস্পষ্ট নির্দেশনায় সরকার কর্তৃক বকেয়া বেতন ভাতা ছাড়করণের বহু দৃষ্টান্ত রয়েছে"

৩। সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা তথা জনাব মো: জুলহাস উদ্দিন, প্রভাষক (আরবি) এর প্রাপ্য বকেয়া পাওনা মাদ্রাসার নিজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত সূত্রে বর্ণিত (১) নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু সরকারের উক্ত নির্দেশনা বাস্তবায়ন না করে উপরিউক্ত মন্তব্য (অনুচ্ছেদ-২ এ বর্ণিত) করা হয়েছে যা জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০ এর ১৮ (১)(খ) অনুচ্ছেদ (মামলাকালীন প্রযোজ্য বিধান) অনুযায়ী অপরাধের সামিল।

৪। বর্ণিতাবস্থায় রিট পিটিশন নং-৮০৫২/২০১৬ মামলার ১৯/৩/২০১৭ তারিখের রায়/নির্দেশনা আলোকে প্রদত্ত এ বিভাগের ১১/৯/২০১৮ খ্রি: তারিখের ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৮.১৭-১৭৭ নং স্মারকের নির্দেশনা প্রতিপালন না করায় (মামলাকালীন প্রযোজ্য) "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা'র সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা,২০১০ এর ১৮ (১)(খ) অনুচ্ছেদ এর নির্দেশনা (সরকার প্রদত্ত নির্দেশনা প্রতিপালন না করায়) মতে তাঁর (অধ্যক্ষের) এমপিও কেন বন্ধ করা হবেনা; সে মর্মে আগামী ০৫/১২/২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় একতরফা ব্যবস্থা গৃহীত হবে।

১৪/১১/১৮
(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

অধ্যক্ষ
খাগাটি জামতলী ফাযিল (স্নাতক) মাদ্রাসা
পো: খাগাটি, উপজেলা- ত্রিশাল
জেলা-ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ (পত্রটি প্রাপকের উপর জারীক্রমে আগামি ০৩/১২/২০১৮ খ্রি: এর মধ্যে টিএমইডি-তে S.R প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি/মাষ্টার কপি।